উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

নভেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ১৬/১১/২০২৩ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | | | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | | | সিদ্ধান্ত ১ ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরন/অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | | | |
| | ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর অক্টোবর/২০২৩ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- | |
| | ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- | |
| | ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২৩ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- | |
| | ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের অক্টোবর/২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- | |
| | ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের অক্টোবর/২০২৩ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- | |
| | ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের অক্টোবর/২০২৩ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- | |
| | ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১১ | জনাব মো: কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২৩ মাসের মাসের মজুরী বিল | ১৭০৫০/- | |

| | | | |
|---|---|---|---|
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২৩ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| ১৩ | উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- | |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য অক্টোবর/২০২৩ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- | |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)** এর আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ০১ টি এ্যাম্বুলেন্স সরবরাহের নিমিত্ত টেন্ডার আহবান সত্বেও অদ্যাবধি কোনো আগ্রহী দরদাতা/ঠিকাদার পাওয়া যায়নি। উক্ত টেন্ডারের কিছু শর্ত শীতিলপূর্বক পুনরায় টেন্ডার আহবানের জন্য সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে বিধি মোতাবেক শর্ত শীতিল করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। নবনির্মিত ঝিলমিল অডিটোরিয়াম এর প্রবেশপথ নির্মাণের জন উক্ত অডিটোরিয়ামের সম্মুখভাগে পকেট গেইট নির্মাণের জন্য উপজেলা পরিষদের বাউন্ডারী দেওয়ালের প্রয়োজনীয় অংশ ভাংগার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির প্রকল্প দাখিল করতে হবে।<br>২. **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)** এর আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ০১ টি এ্যাম্বুলেন্স সরবরাহের নিমিত্ত বিধি মোতাবেক পুনঃটেন্ডার আহবান করা যেতে পারে।<br>৩.ঝিলমিল অডিটোরিয়ামের প্রবেশপথ/পকেট গেইট নির্মাণের জন্য উপজেলা পরিষদের বাউন্ডারী দেওয়ালের প্রয়োজনীয় অংশ ভেঙ্গে ফেলার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>৩. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, জনাব ডাঃ মোঃ ইকবাল হাসান সভায় জানান যে, অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নতুন একটি সনোগ্রাম মেশিন সরবরাহ করা হয়েছে। এতে অত্র উপজেলার জনসাধারণ উপকৃত হবে। আগামী ১২ ডিসেম্বর/২০২৩ ভিটামিন এ+ ক্যাম্পেইন কার্যক্রম শুরু হবে। উক্ত ক্যাম্পেইনে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার জন্য অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে স্থাপিত সড়কবাতিগুলো মেরামত/সংস্কার করার জরুরী। এ বিষয়ে উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | ১. আগামী ১২ ডিসেম্বর/২০২৩ ভিটামিন এ+ ক্যাম্পেইন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যানবৃন্দ ও সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>২. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে স্থাপিত সড়কবাতিগুলো মেরামত/সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ।<br>২.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ<br>৩. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা শান্তিগঞ্জ কর্মকর্তা, শান্তিগঞ্জ, জানান যে, আসন্ন শীত মৌসুমের পূর্বেই গবাদি পশুর ভ্যাকসিন দেওয়া জরুরী। বিষয়টি সকল কৃষক/খামারিদেরকে সচেতন/অবহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণ জানান যে, ওয়ার্ড পর্যায়ে ক্যাম্পেইনের মাধ্যমে সকল খামারি/গরুর মালিকদের একত্রিত করে পশুকে ভ্যাকসিন দেওয়ার জন্য অনুরোধ জানান। সকল ইউপি চেয়ারম্যানবৃন্দগণ ইতোপূর্বে গৃহীত তালিকা সংশোধনের জন্য সভায় | ১) ওয়ার্ড পর্যায়ে ক্যাম্প গঠন করে পশুকে ভ্যাকসিন দিতে হবে।<br>২. ইতিপূর্বে গৃহীত তালিকা আংশিক সংশোধন করা যেতে পারে। | ১) উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অনুরোধ করেন। হাওর অঞ্চলের গবাদি পশুর খাদ্য সংকট মেটানোর জন্য কৃষকদের মাধ্যমে ঘাস চাষের উৎপাদন বৃদ্ধি করা হবে। | | |
| ৪। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান। ২০২৩-২০২৪ অর্থবছরের বোরো ধান আবাদ বৃদ্ধির জন্য মোট ৮২৫০ জনকে কৃষি প্রনোদনা বিতরণ করা হয়( হাইব্রিড ব্রীজ-২০০০ জন, উফশী বীজ ১০০০ জন, উফশী বীজ ও সার ৫২৫০ জন)। বোরো ধান নির্বিঘ্নে আবাদ,অনাবাদি জমি আবাদের আওতায় আনয়ন ও তেল ফসল উৎপাদন বৃদ্ধির জন্য ০৮ টি ইউনিয়নে ৭২ টি ওয়ার্ড কৃষক, স্থানীয় মেম্বার, জনগণ ও গণমাধ্যম কর্মীদের উপস্থিতিতে মতবিনিময় আয়োজন করা হয়েছে। বোরো আবাদে সেচ সমস্যা সমাধানের লক্ষ্যে জলমহালগুলো যাতে সম্পূর্ণ শুকিয়ে মাছ আহরণ না করে এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়। বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বিতরণ,কৃষক প্রশিক্ষণ প্রদান এছাড়া অন্যান্য কার্যাক্রম চলমান রয়েছে। | ১. কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২. জলমহালগুলো যাতে সম্পূর্ণরূপে শুকিয়ে না ফেলে এ ব্যাপারে সকল ইউপি চেয়ারম্যানগণকে সতর্ক থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় জানান বরাদ্দকৃত টিউবওয়েলের কাজ চলমান রয়েছে। কিছুদিনের মধ্যে স্থাপিত টিউবওয়েলের ওয়াশ করার কাজ শুরু হবে। অত্র উপজেলায় ৩০০০ নলকুপ স্থাপন করা হয়েছে এবং নতুন করে ২০০ নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, শেখ রাসেল মিনি স্টেডিয়ামে জাতীয় দিবস ও অন্যান্য ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিশুদ্ধ পানি সরবরাহের নিমিত্ত উক্ত শেখ রাসেল মিনি স্টেডিয়ামে একটি টিউবওয়েল স্থাপন করা জরুরী। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. শেখ রাসেল মিনি স্টেডিয়ামে জরুরী ভিত্তিতে একটি নলকূপ স্থাপন করতে হবে। নলকূপের সিকিউরিটি বাবদ অর্থ উপজেলা ক্রীড়া সংস্থা বহন করবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা ক্রীড়া সংস্থা, শান্তিগঞ্জ। |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জানান যে, অত্র উপজেলার বর্তমান মোট সক্ষম দম্পতি ৩০,৪৩২ মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৩,৯৮৮ এবং বর্তমানে পদ্ধতি গ্রহণকারীর হার ৭৮.৮২%। অত্র উপজেলার মোট গর্ভবতী ১৩২১ এবং চলতি মাসে নতুন গর্ভবতী সংখ্যা ১৭১। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সভায় অনুপস্থিত। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, আগামী ০১ জানুয়ারি,২০২৪ নতুন বই বিতরণ করা হবে। উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনকালে পরিলক্ষিত হয়েছে যে, অনেক শিক্ষকগণই অলিখিত ছুটিতে থাকেন। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দসহ সকলকে বিদ্যালয় পরিদর্শনের জন্য | ১. ০১ জানুয়ারি,২০২৪ নতুন বই বিতরণ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।<br>২. প্রাথমিক শিক্ষার মান বাড়াতে সবাইকে প্রাথমিক শিক্ষার প্রতি | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অনুরোধ জানান। | নজর দিতে হবে। | |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে, নতুন কারিকুলাম চালু হয়েছে। মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষকগণের সমন্বয়ে হোম ভিজিট কার্যক্রম শুরু করা হয়েছে এছাড়া মাধ্যমিক বিদ্যালয় মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতির ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ৫৫% ঋণ আদায় কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ১.বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতির ঋণ আদায় কার্যক্রম ১০০% সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সুবর্ণ নাগরিক কার্ড প্রতিবন্ধীদের অনলাইনে ডাক্তার যাচাইয়ের কার্যক্রম চলমান । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত । | ১) কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১. খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, জরিপ কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলায় মোট জনসংখ্যা প্রায় ২ লক্ষ ০৪ হাজার জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | জরিপ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, দুর্গাপূজায় আনসার সদস্যদের মোতায়েনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, আগামী ০৯ ডিসেম্বর,২০২৩ বেগম রোকেয়া দিবস। উক্ত দিবস উপলক্ষ্যে উপজেলা পর্যায়ে ০৫ টি ক্যাটাগরিতে (অর্থনৈতিকভাবে সাফল্য নারী, সফল জননী, শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী, সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যেমে জীবন শুরু করেছেন যে নারী) ০৫ জন সফল নারীকে সম্মাননা প্রদান করা হবে। আগামী ০৩/১২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবরে আবেদন করতে হবে। | ০৫ টি ক্যাটাগরিতে (অর্থনৈতিকভাবে সাফল্য নারী, সফল জননী, শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী, সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যেমে জীবন শুরু করেছেন যে নারী) ০৫ জন সফল নারীকে সম্মাননা প্রদান কার্যক্রম সঠিকভাবে করতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন এই অর্থ বছরে এ পর্যন্ত ১৫০ জনকে যুবঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৮৫% । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ঋণ বিতরণ কার্যক্রমে গতীশীলতা আনতে হবে এবং উপকারভোগী/প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| ক্র | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১.ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ জানান যে,বাসা ভাড়া আদায় বহি/রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় যে, উপজেলা পরিষদের মালিকানাধীন গেজেটেড/ননগেজেটেড/ডরমেটরী ভবনে দীর্ঘদিন যাবত বিনা ভাড়ায় বসবাস করছে। ইতিপূর্বে উপজেলা প্রকৌশলী কার্যালয়, উপজেলা পরিষদ হতে লিখিত ও মৌখিকভাবে বকেয়া বাসাভাড়া পরিশোধ করার জন্য একাধিকবার তাগিদ দেওয়া সত্বেও বকেয়া ভাড়া পরিশোধ করেনি। যা সরকারি কর্মচারী আইন ২০১৮ সুস্পষ্ট লংঘন। বাসা বরাদ্দ নীতিমালা অনুযায়ী “অননুমোদিতভাবে কোনো বাসা/কক্ষ দখল করিলে বা কোনো বাসার দখল বজায় রাখিলে তাহার বিরুদ্ধে সরকারি কর্মচারী আচরণ বিধিমালার অধীনে ব্যবস্থা গ্রহণ করা যাইবে ও কোনো সরকারি কর্মচারীর নিকট অত্যধিক ভাড়া বকেয়া পড়িলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করা এবং হিসাবরক্ষণ কর্মকর্তাকে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতাদি হতে বকেয়া ভাড়া আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়টি উল্লেখ রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং গেজেটেড কোয়াটারে সরকারি কর্মকর্তা/কর্মচারী ব্যতিত কেউ বসবাস করে থাকলে তা বকেয়া ভাঁড়া পরিশোধপূর্বক বাসা খালি করার বিষয়ে আলোচনা করা হয়। বকেয়া বাসা/ডরমেটরী ভাঁড়া আদায়ের লক্ষে উপজেলা হিসাব রক্ষণ অফিসে পত্র প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১. বকেয়া বাসা ভাঁড়া আদায়ের নিমিত্ত উপজেলা হিসাব রক্ষণ অফিসে পত্র প্রেরণ করতে হবে।<br>২. উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারে সরকারি চাকুরীজীবী ব্যতিত বেসরকারি/প্রকল্প/আধাসরকারি/এনজিও/ অন্যান্য প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীকে বাসা বরাদ্দ না দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ<br>২.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, অত্র উপজেলাকে একটি আধুনিক ও মডেল উপজেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে জনাব এম,এ মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিরলসভাবে উন্নয়ন করে যাচ্ছেন। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের নির্দেশনামতে অত্র উপজেলা পরিষদের অভ্যন্তরে সৌন্দয্যবর্ধন ও অবকাঠামোগত উন্নয়নের জন্য উপজেলা পরিষদের সহায়তায় স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে নিম্নবর্ণিত কিছু প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>১. উপজেলা পরিষদের মূল ফটক নির্মাণ।<br>২.উপজেলা পরিষদের পুকুর পাড়ে ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্য্যবর্ধন কাজ।<br>৩.উপজেলা পরিষদের সম্মুখভাগ হতে ডরমেটরী পর্যন্ত অভ্যন্তরীণ রাস্তা ও ড্রেন মেরামত/সংস্কার।<br>৪.উপজেলা পরিষদের গ্যারেজ নির্মাণ ও মেরামতকরণ।<br>৫. উপজেলা পরিষদ স্মৃতিসৌধ মেরামত/সংস্কার<br>৬.উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার মেরামত/সংস্কার । | ২. প্রস্তাবিত ০৮ টি প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত জরুরী ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুতক্রমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। | ৩. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ ও উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ৭. উপজেলা পরিষদের অভ্যন্তরে শেখ রাসেল শিশু পার্ক নির্মাণ।<br>৮. উপজেলা পরিষদের সম্মুখভাগে দোকান/ব্যবসায় প্রতিষ্ঠান নির্মাণ<br><br>বর্ণিত প্রকল্পগুলোর বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন যে, উপস্থাপিত প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা জরুরী। এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুতক্রমে স্থানীয় সরকার বিভাগের প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জকে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়। | | |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে পরিস্কার পরিচ্ছন্নতা ও মশা নিধণের জন্য ফগার মেশিন ক্রয় করা জরুরী। এছাড়া মশা নিধনের জন্য পদক্ষেপ গ্রহণের জন্য সরকারি নির্দেশনা রয়েছে। উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ ও ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে মশা নিধনের জন্য জরুরী ভিত্তিতে একটি মশা নিধন মেশিন (ফগার মেশিন) ক্রয় করা জরুরী। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী ফগার মেশিন ক্রয় করার বিষয়ে আলোচনা করা হয়। | ৩. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ ও ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে মশা নিধনের জন্য জরুরী ভিত্তিতে একটি মশা নিধন মেশিন (ফগার মেশিন) ক্রয় করতে হবে। | ৪.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ |
| | | (ঘ) উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা সম্মেলন কক্ষের সম্মুখে সৌন্দর্য্য বর্ধন ও ফুলের চারা রোপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | ৪. উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা সম্মেলন কক্ষের সম্মুখে সৌন্দর্য্য বর্ধন ও ফুলের চারা রোপন করতে হবে। | ৫.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ |
| | | (ঘ) উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের ০৪র্থ তলার পশ্চিম পাশের কোয়াটারটিতে জরুরী ভিত্তিতে কিছু মেরামত/সংস্কার করা হয়েছে –প্রাথমিক পর্যায়ে একটি কক্ষে রঙ, বাথরুমের দুটি দরজা, একটি জানালা ও ডাইনিং কক্ষের পূর্ব দিকের প্লাস্টার বাবদ ৩৫,৫৩০/(পয়ত্রিশ হাজার পাচশত) ত্রিশ টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর আলোকে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৫. উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের ০৪র্থ তলার পশ্চিম পাশের কোয়াটারটিতে একটি কক্ষে রঙ, বাথরুমের দুটি দরজা, একটি জানালা ও ডাইনিং কক্ষের পূর্ব দিকের প্লাস্টার বাবদ ৩৫,৫৩০/টাকা উপজেলা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ |
| | | (ঙ) উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থাপিত সিসি ক্যামেরা মেরামাত ও আসন্ন দ্বাদশ জাতীয় নির্বাচনে আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে উপজেলা পরিষদের ভবনের পিছনের অংশ, উপজেলা কোয়াটার ০২ টিসহ পুরো উপজেলা পরিষদ চত্বর সিসি ক্যামেরার আওতায় নিয়ে আসার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের সিসি ক্যামেরা স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত হয়। | ৬. উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থাপিত সিসি ক্যামেরা মেরামাত ও আসন্ন দ্বাদশ জাতীয় নির্বাচনে আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে উপজেলা পরিষদের ভবনের পিছনের অংশ, উপজেলা কোয়াটার ০২ টিসহ পুরো উপজেলা পরিষদ চত্বর সিসি | ৭.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ |

| ক্র | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | ক্যামেরার আওতায় আনতে হবে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১-

তারিখ: ১৬/১১/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৬. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৮. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৯. সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। (তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়য়েব পোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
১০. জনাব/জনাবা.......................................................................................

১৬/১১/২০২৩

( সুকান্ত সাহা )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ

উপজেলা মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ১৬/১১/২০২৫ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

উপজেলার নাম ঃ দক্ষিণ সুনামগঞ্জ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান | নূর হোসেন | 01922889694 | [illegible] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান | [illegible] | 0173791361 | [illegible] |
| ০৩ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | Dr. মিজানুর মোবারক হোসেন | 01324290595 | [illegible] |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | | | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | DR. Md. Iqbal Hossain | 01737-373162 | [illegible] |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | খন্দকার সোহায়েল আহমেদ | 01602476111 | [illegible] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | শাহীনুর আলম SAE | 01704-074150 | [illegible] |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | মো: [illegible] | 01724757598 | [illegible] |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | মো: সেলিম খান | 01718-064880 | [illegible] |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | মো: নূরে আলম সিদ্দিকী | 01717-942369 | [illegible] |
| ১১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | [illegible] | 0171463[illegible] | [illegible] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | মোহাম্মদ মামুন আহমেদ | 01716885163 | [illegible] |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সন্দীপ বিশ্বাস | 01758132839 | [illegible] |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | | | [illegible] |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | হাসান কবির | 01933163362 | [illegible] |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | মো: [illegible] | 01673386709 | [illegible] |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | [illegible] | 01717281647 | [signature] |
| ১৯ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | নেহার রঞ্জন চৌধুরী | 01754139562 | [signature] |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | | | |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউপি | [illegible] | 01788875040 | [signature] |
| ২৪ | চেয়ারম্যান, পাথারিয়া ইউপি | [illegible] ইসলাম | 01799704856 | [signature] |
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউপি | [illegible] রহমান | 01708796842 | [signature] |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাও ইউপি | [illegible] | 01718106912 | [signature] |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব বীরগাও ইউপি | হিমেল খান রোকন | 01718674509 | [signature] |
| ২৮ | চেয়ারম্যান, দরগাপাশা ইউপি | মো: [illegible] মিয়া | 01730178629 | [signature] |
| ৩১ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি | | | |
| ৩০ | চেয়ারম্যান পূর্ব পাগলা ইউপি | | | |
| ৩১ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |

৩৪। ইউএনও ইউনিসেফ [illegible] জোবায়ের আহমদ [illegible] ০১৭১১০৫৯৫২৮ [signature]